বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
ই-মেইল ঃ dgmrmd@krishibank.org.bd
Phone:02-223384486

প্রকা/আরএমডি-(৩০)/২০২২-২০২৩/ ৭২০ তারিখ ঃ ১৪-০৩-২০২৩ খ্রিঃ

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৩। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী CAMELS Rating ও Risk Management Rating এর মান পর্যায়ক্রমে সন্তোষজনক মানে উন্নীতকরণের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন ও পরিপালন প্রসঙ্গে।

মহোদয়,

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ২৭-১০-২০১৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং ১১ মোতাবেক ব্যাংকের বিভিন্ন কার্যক্রমের ঝুঁকি নিরূপনপূর্বক তা প্রশমনের কর্মপরিকল্পনা ও কৌশলগত পদক্ষেপ এবং গৃহীত ব্যবস্থা সময়ে সময়ে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি'র বরাবরে উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। সেই নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকে এ পর্যন্ত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি'র ৩৪টি সভা অনুষ্ঠিত হয়। বিগত ১৯-১২-২০২২ তারিখে অনুষ্ঠিত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৩৪তম সভায় কমিটির সদস্যগণ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন ঃ

"বাংলাদেশ কৃষি ব্যাংকের অর্জিত বিদ্যমান CAMELS Rating, BASEL–III, Risk Management Rating ও Core Risk Rating এর মান বজায় রাখা এবং রেটিং এর মান অধিকতর উন্নত করার নিমিত্ত CAMELS Rating এর ৬টি ফ্যাক্টরের মধ্যে যে সকল ফ্যাক্টর অভ্যন্তরীণভাবে উন্নতি করার সুযোগ রয়েছে সে সকল ফ্যাক্টরের মান উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে"।

ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে "CAMELS Rating ও Risk Management Rating এর মান পর্যায়ক্রমে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হলে Capital Adequacy, Asset Quality, Earning Capacity, Liquidity Position এবং Management Efficiency আরও উন্নত করতে হবে। এজন্য নিম্নে কি কি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন তা বর্ণনা করা হলো ঃ

| ক্রঃ নং | বিবরণ | সময়কাল | কার্যকরণ |
|---|---|---|---|
| ক) | ব্যাংকের মূলধন ঘাটতি পূরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে বার্ষিক আর্থিক প্রতিবেদন অনুমোদনের সাথে সাথেই মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাক্ষরে পত্র লিখতে হবে এবং প্রতিনিয়ত নিবিড় যোগাযোগ রাখতে হবে; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/ কেন্দ্রীয় হিসাব বিভাগ |
| খ) | মন্ত্রণালয়ে সুদ ভর্তুকীসহ অন্যান্য দাবীসমূহ আদায়ের বিষয়ে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাক্ষরে পত্র লিখতে হবে এবং প্রতিনিয়ত নিবিড় যোগাযোগ রাখতে হবে; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ/ লিয়াঁজো অফিসার |
| গ) | ব্যাংকের আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসের মাধ্যমে লোকসান ক্রমান্বয়ে হ্রাস করা; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে ব্যাংক যাতে Break even point এ পরিচালিত হতে পারে তার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | সকল মাঠ কার্যালয় |
| ঘ) | শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে ব্যাংকের প্রয়োজনীয় প্রভিশনের পরিমাণ হ্রাস করা; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| ঙ) | কৃষি ঋণসহ সকল খাতে ঋণ বিতরণের নির্ধারিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে পর্যায়ক্রমে মাঠকর্মীদের, ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, মহাব্যবস্থাপকগণের মধ্যে ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা প্রদান করতে হবে। কোন মাঠ কর্মী ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সে ক্ষেত্রে তাঁকে জবাবদিহিতার আওতায় আনতে হবে এবং চলতি সপ্তাহের বরাদ্দসহ পূর্ববর্তী সপ্তাহের ঘাটতি বরাদ্দ আবশ্যিকভাবে অর্জন নিশ্চিত করতে হবে; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয় |
| চ) | লক্ষ্যমাত্রা অনুযায়ী শ্রেণিকৃত ও শ্রেণীযোগ্য ঋণ আদায় নিশ্চিত করতে হবে। এজন্য বছরের শুরুতে WCL (শ্রেণীযোগ্য) হিসেবে চিহ্নিত ঋণ হিসাবসমূহ পরবর্তী সূত্র তারিখের মধ্যে সুদসহ সম্পূর্ণ আদায় নিশ্চিতকরণ, যাতে নতুনভাবে কোন ঋণ হিসাব শ্রেণিকৃত ঋণে পরিণত হতে না পারে; | ৩১-১২-২০২২ তারিখ ভিত্তিক এনসিএল এবং ৩০-০৬-২০২৩ তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য -২ (WCL-2) অবশ্যই ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে সম্পূর্ণ আদায় করতে হবে | সকল মাঠ কার্যালয় |
| ছ) | কর্পোরেট শাখা প্রধান/ ব্যবস্থাপক শাখার সকল মাঠকর্মীগণের মধ্যে শ্রেণিকৃত ঋণ হ্রাসের লক্ষ্যমাত্রা বন্টন পূর্বক সাপ্তাহিক/ পাক্ষিক ভিত্তিতে নিবিড়ভাবে মনিটরিং এর মাধ্যমে অর্জন নিশ্চিত করবেন। বিভাগীয় প্রধানগণ আওতাধীন অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহের এবং অঞ্চল প্রধানগণ অঞ্চলাধীন শাখাসমূহের শ্রেণিকৃত ঋণ হ্রাসের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবেন; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয় |
| জ) | প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক শাখা/ অঞ্চল পর্যায়ের শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে শাখা প্রধান/ অঞ্চল প্রধানগণ কর্তৃক নিবিড় যোগাযোগ ও তাগিদ প্রদানের মাধ্যমে শ্রেণিকৃত ঋণ আদায় নিশ্চিত করে শ্রেণিকৃত ঋণ হ্রাসকরণ; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয় |
| ঝ) | সুদ বিহীন ও কমসুদবাহী আমানত অধিক পরিমাণে সংগ্রহ। অধিক সুদবাহী আমানত ক্রমান্বয়ে ছাড়করণ ও উদ্ভূত ঘাটতি কম সুদবাহী আমানত দ্বারা পূরণ; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয় |
| ঞ) | শ্রেণিকৃত ঋণ আদায়ের মাধ্যমে স্থগিত সুদ (৫২-খাতে হিসাবভুক্ত) আয় খাতে স্থানান্তর; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয় |
| ট) | ব্যাংকের বড় গ্রাহকদের তথা প্রাতিষ্ঠানিক গ্রাহকদের আমানত ও ঋণ ব্যবহারের প্রতি যত্নশীল হওয়া ও সর্তক দৃষ্টি রাখা; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয় |
| ঠ) | দক্ষ কাউন্টার সেবা প্রদান | সর্বদা দক্ষ কাউন্টার সেবা প্রদান করতে হবে। | সকল শাখা |
| ড) | এন্টি মানি লন্ডারিং রিস্কসহ সকল কোর রিস্ক সর্ম্পকে সকল শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ/ বিকেবি স্টাফ কলেজ |
| ঢ) | সকল কোর রিস্ক গাইডলাইন নতুন করে প্রস্তুত/ হালনাগাদ করতে হবে; | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগসহ সকল কোর রিস্ক সংশ্লিষ্ট বিভাগ |
| ন) | রেমিট্যান্স গ্রহণকারীরা যাতে স্বল্প সময়ে এবং হয়রানি ব্যতিরেকে রেমিট্যান্স গ্রহণ করতে পারে তার জন্য শাখায় গ্রাহক আইডেন্টিটির ব্যবস্থা করতে হবে। | ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে | সকল মাঠ কার্যালয়/ ফরেন রেমিট্যান্স বিভাগ |

এছাড়াও নিম্নোক্ত বিষয়াদির প্রতি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/ কর্মচারীগণকে বিশেষ গুরুত্বারোপ করতে হবে ঃ

১. বিশেষায়িত ব্যাংক হিসাবে কৃষি ঋণ বহুমুখীকরণের পাশাপাশি আধুনিক কৃষি প্রযুক্তি ও যন্ত্রপাতি খাতে ঋণ বিতরণের উদ্যোগ গ্রহণ ও এ খাতে ঋণ বৃদ্ধি করে বিতরণের পরিমাণ বাড়াতে হবে;

২. উপার্জন ক্ষমতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং ব্যাংকে যাতে কোন লোকসানী শাখা না থাকে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩. কর্জের উপর নির্ভরশীলতা হ্রাস করে দায়-সম্পদ ব্যবস্থা সুসংহতকরণের জন্য স্বল্প সুদযুক্ত আমানত বৃদ্ধি করতে হবে, ক্ষুদ্র আমানত সংগ্রহে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে এবং গ্রাম অঞ্চল হতে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ী আমানত সংগ্রহে উৎসাহিত করতে হবে;

৪. ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বিকেবি'র অভ্যন্তরীণ নিরীক্ষা, বাংলাদেশ ব্যাংকের বিশদ পরিদর্শন, বাণিজ্যিক নিরীক্ষায় যাতে নতুন করে আপত্তি উথাপিত না হয় সে দিকে দৃষ্টি রাখতে হবে।

৫. ব্যাংকিং কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে।

০৩। **বিষয়টি অতীব জরুরী।**

**অনুমোদনক্রমে,**

14.03.2023

(আঃ সঃ মঃ বাবর)
উপমহাব্যবস্থাপক

প্রকা/আরএমডি-(৩০)/২০২২-২০২৩/৭২০(৭) তারিখ ঃ ১৪-০৩-২০২৩

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। চীফ স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সচিব/ সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ। **পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/ মহানথি।

১৪/০৩/২০২৩
(মোঃ শহিদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক